পদ্মা সেতুর দক্ষিণ টোলপ্লাজা অবরোধ, ককটেল বিস্ফোরণ



ছবি: সংগৃহীত

শরীয়তপুরের জাজিরায় পদ্মা সেতুর দক্ষিণ টোলপ্লাজা অবরোধ করে অবস্থান কর্মসূচি পালন করেছেন আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা। এ সময় কয়েকটি ককটেল বিস্ফোরণের ঘটনাও ঘটে। এতে প্রায় এক ঘণ্টা টোল আদায় বন্ধ থাকায় যান চলাচল ব্যাহত হয়।

মঙ্গলবার (১০ নভেম্বর) রাত ১টার দিকে সংসদ সদস্য ইকবাল হোসেন অপুর ছেলে দানিব বিন ইকবাল এর ফেসবুক আইডিসহ একাধিক অ্যাকাউন্টে কর্মসূচির ভিডিও ছড়িয়ে পড়ে।

ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, নাওডোবা এলাকায় টোলপ্লাজার সামনে বৈঠা হাতে কয়েক হাজার নেতাকর্মী সড়কে অবস্থান নিয়ে অবরোধ করছেন। এ সময় তাঁদের 'জয় বাংলা', 'জয় বঙ্গবন্ধু', শেখ হাসিনা ও সাবেক সংসদ সদস্য ইকবাল হোসেন অপুর নামে বিভিন্ন স্লোগান দিতে শোনা যায়।

অবস্থান কর্মসূচি চলাকালে কয়েকটি ককটেল বিস্ফোরণের শব্দ শোনা গেলেও কারা এগুলো ঘটিয়েছে, তা নিশ্চিত হওয়া যায়নি।

এ বিষয়ে জানতে পদ্মা সেতু (দক্ষিণ) থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওসি) সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি ফোন রিসিভ করেননি।